

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৮: কুলি করা ও নাক পরিষ্কার করা

الْمَضْمَضَةُ وَالِاسْتِنْشَاقُ

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ، عَنْ حُمْرَانَ بْنِ أَبَانَ، قَالَ: رَأَيْتُ عُثْمَانَ بْنَ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ تَوَضَّأَ فَأَفْرَغَ عَلَى يَدَيْهِ ثَلَاثًا فَعَسَلَهُمَا ثُمَّ تَمَضَّمَضَ وَاسْتَنْشَقَ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ثُمَّ غَسَلَ يَدَيْهِ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثًا ثُمَّ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ ثُمَّ غَسَلَ قَدَمَهُ الْيُمْنَى ثَلَاثًا ثُمَّ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ. ثُمَّ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ نَحْوَ وُضُوئِي. ثُمَّ قَالَ: مَنْ تَوَضَّأَ نَحْوَ وُضُوئِي هَذَا ثُمَّ صَلَّى رَكَعَتَيْنِ لَا يُحَدِّثُ نَفْسَهُ فِيهِمَا بِشَيْءٍ، غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الوضوء ٢٢ (١٥٩)، ٢٨ (١٦٢)، الصوم ٢٧ (١٩٣٤)، صحيح مسلم/الطهارة ٣/٢٢٦، سنن ابى داود/الطهارة ٥٠ (١٠٦)، (تحفة الأشراف: ٩٧٩٢)، مسند احمد ١/٥٩، ٦٠، سنن الدارمى/الطهارة ٢٧ (٧٢٠)، ويأتى عند المؤلف بأرقام: ٨٥، ١١٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 84 – صحيح

বাংলা

৮৪. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) হুমরান ইবনু আবান (রহ.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি 'উসমান ইবনু আফফান (রাঃ)-কে উযু করতে দেখেছি। তিনি তিনবার হাতে পানি ঢেলে হাত ধৌত করেন। এরপর গড়গড়া করে কুলি করেন এবং নাকে পানি দিয়ে পরিষ্কার করেন, তিনবার মুখমণ্ডল ধৌত করেন এবং কনুই পর্যন্ত তিনবার

ডান হাত ধৌত করেন। অনুরূপভাবে বাম হাতও। এরপরে মাথা মাসাহ করেন এবং ডান পা তিনবার ধৌত করেন। অনুরূপভাবে বাম পাও। এভাবে উযু শেষ করে তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে এরূপ উযু করতে দেখেছি এবং বলতে শুনেছি, যে ব্যক্তি আমার এ উযুর মতো উযু করবে এবং তারপরে নিবিষ্ট মনের সাথে দু'রাকআত সালাত পড়বে তার আগের সকল পাপ মাফ করে দেয়া হবে।”

English

68. Al-Madmadah And Al-Istinshag (Rinsing The Mouth And Nose)

It was narrated that Humran bin Aban said: I saw 'Uthman bin 'Affan, may Allah be pleased with him, performing Wudu'. He poured water on his hands three times and washed them, then he rinsed his mouth and his nose, then he washed his face three times, then he washed his right arm to the elbow three times, then the left likewise. Then he wiped his head, then he washed his right foot three times, then the left likewise. Then he said: 'I saw the Messenger of Allah (ﷺ) performing Wudu' like I have just done. Then he said: 'Whoever performs Wudu' as I have done, then prays two rak'ahs without letting his thoughts wander, his previous sins will be forgiven.'

ফুটনোট

সহীহ: বুখারী ১৫৯, মুসলিম ২২৬, সহীহ আবু দাউদ ৯৪।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86355>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন